

া সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪১৮৭

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد) পরিচ্ছেদঃ ৩১/১৮. সহনশীলতা

بَابِ الْحِلْم

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، مُحَمَّدُ بْنُ الْعَلاَءِ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا يُونُسُ بْنُ بُكَيْرٍ، حَدَّثَنَا خَالِدُ بْنُ دِينَارِ الشَّيْبَانِيُّ، عَنْ عُمَارَةَ الْعَبْدِيِّ، حَدَّثَنَا أَبُو سَعِيدِ الْخُدْرِيُّ، قَالَ كُنَّا جُلُوسًا عِنْدَ رَسُولِ الشَّيْبَانِيُّ، عَنْ عُمَارَةَ الْعَبْدِيِّ، حَدَّثَنَا أَبُو سَعِيدِ الْخُدْرِيُّ، قَالَ كُنَّا جُلُوسًا عِنْدَ رَسُولِ اللَّهِ عليه وسلم عليه وسلم وَمَا يَرَى أَحَدٌ فَبَيْنَا نَحْنُ كَذَلِكَ إِذْ جَاءُوا فَنَزَلُوا فَأَتُواْ رَسُولَ اللَّهِ عصلى الله عليه وسلم ويَبَقِيَ الأَشَجُّ الْعَصرِيُّ فَجَاءَ بِعْدُ فَنَزَلَ مَنْزِلاً فَأَنَاخَ رَاحِلَتَهُ وَوَضَعَ ثِيَابَهُ جَانِبًا ثُمَّ جَاءَ إِلَى رَسُولِ اللَّهِ عصلى الله عليه وسلم " يَا أَشَجُّ إِنَّ فِيكَ الله عليه وسلم " يَا أَشَجُّ إِنَّ فِيكَ لَخَصْلَتَيْنِ يُحِبُّهُمَا اللَّهُ الْحِلْمَ وَالتُّوَّدَةَ " . قَالَ يَا رَسُولَ اللَّهِ أَشَىٰءٌ جُبِلْتَ عَلَيْهِ أَمْ شَىٰءً حُدَثَ لِي قَالَ رَسُولُ اللَّهِ عليه وسلم - " يَا أَشَيُّ إِنَّ فِيكَ حَدَثَ لِي قَالَ رَسُولُ اللَّهِ أَشَىٰءٌ جُبِلْتَ عَلَيْهِ أَمْ شَىٰءً حُدَثَ لِي قَالَ رَسُولُ اللَّهِ عَليه وسلم - " بَلَ شَىٰءٌ جُبِلْتَ عَلَيْهِ " .

বাংলা

২/৪১৮৭। আবৃ সাঈদ আল-খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু অালাইহি ওয়াসাল্লাম -এর নিকট বসা ছিলাম। তিনি বলেনঃ তোমাদের নিকট আবদুল কায়েস গোত্রের প্রতিনিধিদল এসেছে। কিন্তু তখনও আমাদের সামনে কাউকে দেখা যাচ্ছিলো না। এ অবস্থায় আমাদের কিছুক্ষণ অতিবাহিত হলো। ইতোমধ্যে তারা এসে পোঁছলো এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিকট হাযির হলো, কেবল আশাজ্জ আল-আসারী তখনো পোঁছেননি। পরে তিনি এসে পোঁছে একটি স্থানে অবতরণ করে তার উদ্রী বাঁধলেন, নিজের কাপড় একপাশে রাখলেন, অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট হাযির হলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেনঃ হে আশাজ্জ! তোমার মধ্যে এমন দু'টি উত্তম স্বভাব বিদ্যমান, যা আল্লাহ পছন্দ করেনঃ সহনশীলতা ও আত্মর্মাদাবোধ। তিনি বলেন, হে আল্লাহর রাসূল্! আমার মধ্যে তা কি প্রকৃতিগত না সৃষ্টিগত? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ প্রকৃতিগত।

English



Abu Sa'eed Al-Khudri said:

"We were sitting with the Messenger of Allah (ﷺ) and he said: 'The delegations of 'Abdul-Qais have come to you,' and no one had seen anyone. While we were like that, they came and alighted. They came to the Messenger of Allah (ﷺ) and Ashajj 'Ansari was left behind. He came afterwards, and halted at the halting-place, made his she-camel kneel down, and changed of his traveling clothes, then he came to the Messenger of Allah (ﷺ). The Messenger of Allah (ﷺ) said to him: 'O Ashajj, you have two characteristics that Allah likes: Forbearance and deliberation.' He said: 'O Messenger of Allah, was I born with them or are they acquired?' He said: 'No, rather it is something that you were born with.'"

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। তাহকীক আলবানীঃ খুবই দুর্বল। উক্ত হাদিসের রাবী ১. ইউনুস বিন বুকায়র সম্পর্কে আবু বাকর বিন শায়বাহ বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। আবু হাতিম বিন হিব্বান তার সিকাহ গ্রন্থে তার নাম উল্লেখ করেছেন। আহমাদ বিন শু'আয়ব আননাসায়ী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭১৭১, ৩২/৪৯৩ নং পৃষ্ঠা) ২. উমারাহ আল-আবদী সম্পর্কে আবুল হাসান ইবনুল কান্তান তাকে বর্জন করেছেন। আবু বাকর আল-বায়হাকী বলেন, তিনি নির্ভরযোগ্য নন। ইমাম বুখারী বলেন, তিনি মিথ্যুক। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি বিশর বিন হারব থেকেও দুর্বল। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য। ইবরাহীম বিন ইয়াকুব আল-জাওযুজানী বলেন, তিনি মিথ্যুক। ইসমাইল বিন উলায়্যাহ বলেন, তিনি মিথ্যা কথা বলেন। ইমাম যাহাবী বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য। হাম্মাদ বিন যায়দ আল-জাহদমী ও উসমান বিন আবু শায়বাহ বলেন, তিনি মিথ্যুক। ইয়াহইয়া বিন সাঈদ আল-কান্তান তাকে বর্জন করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪১৭৮, ২১/২৩২ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন